

MODEL QUESTION

Class - XII : HISTORY : Pre-Board/Board Final Exam. : 2022-23 : Marks - 80

I. সঠিক উত্তরটি বাছাই করো :-

১×১০=১০

১. ভারতের প্রাচীনতম নগরকেন্দ্রিক সভ্যতা হলো –
(ক) মেহেরগড় সভ্যতা (খ) হরপ্পা সভ্যতা
(গ) বৈদিক সভ্যতা (ঘ) আর্য সভ্যতা
২. হর্ষচরিত গ্রন্থটির লেখক হলেন –
(ক) বাণভট্ট (খ) মেগাস্থিনিস
(গ) হরিশ্বেণ (ঘ) ফা-হিয়েন
৩. কোন্ মহাকাব্যকে ‘পঞ্চমবেদ’ বলা হয় ?
(ক) রামায়ণকে (খ) মহাভারতকে
(গ) গীতাকে (ঘ) ঋগবেদকে
৪. প্রথম বৌদ্ধ সম্মেলন অনুষ্ঠিত হয় –
(ক) রাজগৃহে (খ) কাশ্মীরে
(গ) পাটলিপুত্রে (ঘ) বৈশালীতে
৫. মার্কোপোলো ছিলেন একজন –
(ক) ভেনিসীয় পর্যটক (খ) ইতালিয় পর্যটক
(গ) মরক্কোর পর্যটক (ঘ) আফ্রিকার পর্যটক
৬. ‘সঞ্জাত’ শব্দটি কোন্ ধর্মের সঙ্গে যুক্ত ?
(ক) হিন্দু ধর্ম (খ) শিখ ধর্ম
(গ) বৌদ্ধ ধর্ম (ঘ) জৈন ধর্ম
৭. হাম্পির ধ্বংসাবশেষ আবিষ্কার করেন –
(ক) কর্ণেল কালিন ম্যাকেনজি (খ) কর্ণেল কালিন ম্যাকেনজি
(গ) কর্ণেল কালিন ভার্ডেভি (ঘ) স্যার জন মার্শাল
৮. আকবরের শাসন ব্যবস্থার মূল বৈশিষ্ট্য ছিল –
(ক) নবরত্ন সভা (খ) মনসবদারী প্রথা
(গ) রাজস্ব ব্যবস্থা (ঘ) ধর্মীয় ব্যবস্থা
৯. নীচের ঘটনাগুলি কালক্রম অনুসারে সাজাও :
(i) ‘সতীদাহ প্রথা’ বিলুপ্ত (ii) স্বত্ববিলোপ নীতি প্রবর্তন (iii) অধীনতামূলক মিত্রতা নীতি প্রবর্তন
(iv) ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানীর শাসনের অবসান।
(ক) i – ii – iii – iv (খ) i – iv – iii – ii
(গ) iii – i – ii – iv (ঘ) iv – iii – ii – i
১০. ‘গান্ধী-আরউইন’ চুক্তি অন্য যে নামে পরিচিত সেটি হলো –
(ক) দিল্লি চুক্তি (খ) সিমলা চুক্তি
(গ) পুনে চুক্তি (ঘ) লক্ষ্ণৌ চুক্তি

[Contd...P/2]

II. নীচের প্রশ্নগুলি একটি শব্দে/পূর্ণাঙ্গ বাক্যে উত্তর দাও :-

১×২০=২০

১১. 'ভারতীয় প্রত্নতত্ত্বের জনক' কাকে বলা হয় ?
১২. ভারতের প্রাচীনতম লিপির নাম কী ?
১৩. কোন পরীক্ষা দ্বারা ইতিহাসের প্রাচীনত্ব স্থির করা হয় ?
১৪. কণিষ্কের রাজধানী কোথায় ছিল ?
১৫. মৌর্য বংশের সর্বশ্রেষ্ঠ সম্রাট কে ছিলেন ?
১৬. ভারতের একটি মহাকাব্যের নাম লিখ।
১৭. 'ত্রিরত্ন' এর আদর্শ কে প্রচার করেন ?
১৮. কাকে 'Globe-Trotter' বলা হয় ?
১৯. কত খ্রিস্টাব্দে পানিপথের প্রথম যুদ্ধ হয় ?
২০. 'রিহ্লা' কোন্ জাতীয় গ্রন্থ ?
২১. কবীর কার শিষ্য ছিলেন ?
২২. তুলুভ বংশের সর্বশ্রেষ্ঠ রাজা কে ছিলেন ?
২৩. 'গোপুরম' কথাটির আক্ষরিক অর্থ কী ?
২৪. বৈরাম খাঁ কে ছিলেন ?
২৫. 'পোলাজ' কাকে বলে ?
২৬. ভারতে 'আধুনিক পুলিশি ব্যবস্থা'র পথিকৃৎ কে ছিলেন ?
২৭. ইস্ট ইন্ডিয়া কোম্পানী কবে দেওয়ানী লাভ করে ?
২৮. কোন্ আইনের দ্বারা কোম্পানির শাসনের অবসান হয় ?
২৯. 'উকিল নেহি, দলিল নেহি, আপিল নেহি' – শ্লোগানটি কোন্ আন্দোলনের সাথে জড়িত ?
৩০. ভারতীয় সংবিধানের 'প্রস্তাবনা' কতবার সংশোধিত হয়েছে ?

III. নীচের প্রতিটি প্রশ্ন ২০টি শব্দের মধ্যে লেখো :-

২×৫=১০

৩১. কলিঙ্গ যুদ্ধের ঐতিহাসিক গুরুত্ব কী ?
৩২. বিজয়নগর সাম্রাজ্যে নারীর স্থান কিরূপ ছিল ?
৩৩. 'মিল্কিয়ত' (Milkiyat) কাকে বলে ?
৩৪. সিপাহী বিদ্রোহের প্রত্যক্ষ কারণ কী ছিল ?
৩৫. 'ডান্ডি অভিযান' বলতে কী বুঝ ?

IV. নীচের প্রতিটি প্রশ্ন ৬০টি শব্দের মধ্যে লেখো :-

৩×৩=৯

৩৬. 'যাজ্ঞবল্ক্য স্মৃতি'তে কয়প্রকার স্ত্রীধনের কথা বলা হয়েছে? এগুলির নাম উল্লেখ করো।
৩৭. ভক্তিবাদের মূলনীতিগুলি উল্লেখ করো।
৩৮. চিরস্থায়ী বন্দোবস্তের তিনটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

V. নীচের প্রশ্নগুলোর প্রতিটি ৮০টি শব্দের মধ্যে লেখো :-

৪×৪=১৬

৩৯. বৌদ্ধ এবং জৈন ধর্মের মধ্যে ২টি সাদৃশ্য এবং ২টি বৈসাদৃশ্য আলোচনা করো।
৪০. বিজয়নগর সাম্রাজ্যে জলের চাহিদাকে কীভাবে মেটানো হত তা আলোচনা করো।
৪১. সিপাহী বিদ্রোহ কবে, কোথায় আত্মপ্রকাশ করে ? সিপাহী বিদ্রোহের প্রত্যক্ষ কারণ কী ছিল ?

৪২. ভারতীয় সংবিধানের উদ্দেশ্য প্রস্তাবে কী কী আদর্শ ব্যক্ত করা হয়েছিল .

অথবা,

গান্ধীজী কেন হিন্দুস্থানি ভাষা জাতীয় ভাষা হওয়া উচিত বলে মনে করেন ?

VI. নীচের প্রশ্নগুলোর প্রতিটি ১২০টি শব্দের মধ্যে লেখো :-

৫×২=১০

৪৩. হরপ্পা সভ্যতার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

অথবা,

হরপ্পা সভ্যতার অধিবাসীদের সামাজিক জীবন আলোচনা করো।

৪৪. অহিংস অসহযোগ আন্দোলনের গুরুত্ব আলোচনা করো।

অথবা,

গোলটেবিল বৈঠকের আলোচনা কেন অমীমাংশিত ছিল ?

VII. মানচিত্র অঙ্কন :-

প্রদত্ত ভারতের মানচিত্রে চিহ্নিত স্থানগুলি শনাক্ত করো।

১×৫=৫
